গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২০১৩

# সুচিপত্র


| অনুচ্ছেদ নম্বর | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | পটভূমি | ৩ |
| ২ | সংজ্ঞা | ৩ |
| ৩ | লক্ষ্য ও উদ্দেশ্য | ৩ |
| ৪ | কর্মসূচি বাস্তবায়ন কৌশল | ৩ |
| ৫ | কার্য এলাকা | ৩ |
| ৬ | বাস্তবায়ন কর্তৃপক্ষ | ৪ |
| ৭ | সমীক্ষা/তথ্য সংগ্রহ | ৪ |
| ৮ | খাদ্য সহায়তার পরিমাণ | ৪-৫ |
| ৯ | কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়া | ৫ |
| | ৯.১ প্রার্থী নির্বাচনের মানদন্ড | ৫ |
| | ৯.২ আর্থিক সহায়তা প্রাপকের যোগ্যতা ও শর্তাবলী | ৫ |
| ১০ | প্রার্থী বাছাই পদ্ধতি | ৬ |
| | ১০.১ বাছাই কমিটি | ৬ |
| | ১০.২ আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রচার ও দরখাস্ত আহবান | ৬ |
| | ১০.৩ প্রার্থী বাছাই প্রক্রিয়া | ৬ |
| ১১ | যে সকল কারণে আর্থিক সহায়তা বাতিল করা যাবে | ৭ |
| ১২ | খাদ্য সহায়তা পরিশোধ পদ্ধতি | ৭-৮ |
| ১৩ | পরিবীক্ষণ ও মূল্যায়ন | ৮ |
| ১৪. | খাদ্য সহায়তা প্রদান সংক্রান্ত বাস্তবায়ন কমিটিসমূহ | ৯ |
| | ১৪.১ উপজেলা কমিটি | ৯ |
| | ১৪.২ জেলা কমিটি | ৯-১০ |
| | ১৪.৩ জাতীয় স্টিয়ারিং কমিটি | ১০ |
| ১৫ | নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা | ১০ |
| ১৬ | কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত ফরম/রেজিষ্টার এর নমুনা | ১১-১৮ |


মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা

১. পটভূমি:

চা গাছের জন্য অধিক পরিমাণে বৃষ্টিপাত ও তাপের প্রয়োজন হয় বলে বাংলাদেশের বৃষ্টিবহুল পাহাড়িয়া অঞ্চলে ব্যাপকভাবে চায়ের চাষ করা হয়। চা শিল্প বাংলাদেশের অন্যতম বৃহৎ শিল্প। জাতীয় অর্থনীতিতে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশের চা উৎপাদনের পরিমাণ বছরে প্রায় ৬০.৫০ কোটি কেজি এবং এখান থেকে চা রফতানি করা হয় ২৫টি দেশে। চা উৎপাদনের দিক থেকে এগিয়ে আছে চীন, ভারত, কেনিয়া, শ্রীলঙ্কা। এ তালিকায় বাংলাদেশের অবস্থান অষ্টম। বাংলাদেশে চা পানকারীর সংখ্যা প্রতিবছর ৬ শতাংশ হারে বাড়ছে। এই চা উৎপাদনের যারা সরাসরি জড়িত তারাই চা-শ্রমিক। ১৯৬২ সালে চা বাগান শ্রমিক অধ্যাদেশ জারী করা হয়েছে, বাংলাদেশ সরকার কিছু সংশোধনসহ এই আইন চালু রেখেছে। ১৯৭৭ সালে এই আইনের অধীনে চা বাগান শ্রমিক বিধিমালা জারির ৩৫ বছর হয়ে গেছে। কিন্তু চা-শ্রমিকরা সকল নাগরিক সুবিধা ভোগের অধিকার সমভাবে প্রাপ্য হলেও তারা পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিকভাবে বৈষম্যের শিকার বলে প্রতিয়মান। তাদের প্রতি সদয় আচরণ ও তাদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় সচেষ্ট হওয়া পরিবার, সমাজ, রাষ্ট্র, সকলের দায়িত্ব। এক্ষণে, অবহেলিত ও অনগ্রসর এ জনগোষ্ঠীর মৌলিক অধিকার সংরক্ষণ, তাদের সামাজিক ন্যায় বিচার নিশ্চিতকরণ, পারিবারিক ও আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ অতি জরুরি হয়ে পড়েছে। তাই সরকার সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় 'চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কার্যক্রম' বাস্তবায়নের লক্ষ্যে একটি যুগোপযোগী নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে।

২.০ সংজ্ঞা

**চা-শ্রমিক:** চা-বাগানে চা-পাতা তোলার কাজ যারা করে মূলত তারাই চা-শ্রমিক। এরা সাধারণত নারী। এছাড়া পুরুষ শ্রমিকেরা সাধারণত পাতা তোলার কাজ করে না। তারা মূলত বাগান রক্ষণাবেক্ষণ, নতুন চারা রোপন, অফ-সিজনে গাছ ছাটা, পাহারা দেয়া, বেড়া দেয়া ইত্যাদি বিভিন্ন কাজে নিয়োজিত।

৩.০ লক্ষ্য ও উদ্দেশ্য:

ক) আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা বিধান;

খ) আপদকালীন সময়ে চা-শ্রমিকদের খাদ্য সহায়তা প্রদান;

গ) পরিবার ও সমাজে তাঁদের মর্যাদা বৃদ্ধি।

**৪.০ কর্মসূচি বাস্তবায়নের কৌশল :**

প্রকৃত দু:স্থ চা-শ্রমিকদের সনাক্ত করে সমাজসেবা অধিদফতরের জনবল, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও চা বাগান কর্তৃপক্ষের সহযোগিতায় এ নীতিমালা অনুসরণ করে প্রকৃত দুঃস্থ ও অসহায় ব্যক্তিদের তালিকা প্রণয়নপূর্বক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

৫.০ কার্য এলাকা : সিলেট ও চট্টগ্রাম বিভাগ এবং পঞ্চগড় জেলার চা বাগানসমূহে কর্মরত চা শ্রমিকগণ এ কর্মসূচির আওতাভুক্ত হবেন।

Rahman
২৭/৪/১৩

Khan
০১/০৭/২০১৪
মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬.০ **বাস্তবায়ন কর্তৃপক্ষ :**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর এ কার্যক্রম বাস্তবায়ন করবে। এ বাস্তবায়ন প্রক্রিয়া জেলা সমাজসেবা কার্যালয়, উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়সমূহের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান জনবল, জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। সরকার প্রয়োজনে স্থানীয় সরকার (নির্বাচিত জনপ্রতিনিধি) এর সহায়তা গ্রহণ করবে।

(খ) মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে গঠিত 'সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচি সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' এ কর্মসূচি সার্বিক তত্ত্বাবধান করবেন। তাছাড়া উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে উপজেলা বাছাই কমিটি, জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে জেলা কমিটি এবং জাতীয় পর্যায়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতীয় স্টিয়ারিং কমিটি গঠিত হবে।

৭.০ **সমীক্ষা/তথ্য সংগ্রহ :**

বর্তমানে দেশে ১৬৩টি চা বাগান রয়েছে। তম্মধ্যে সিলেট বিভাগেই রয়েছে ১৪৮টি চা বাগান। দেশে মোট ৪৭,৭৮১ হেক্টর জমিতে চা চাষ হচ্ছে। তম্মধ্যে ৯০% চা সিলেট বিভাগে এবং অবশিষ্ট ১০% চট্টগ্রাম বিভাগে উৎপন্ন হয়। প্রায় সকল চা বাগান ব্রিটিশ আমলে স্থাপিত। তবে সাম্প্রতিককালে পঞ্চগড় জেলায় কিছু নতুন চা বাগান স্থাপিত হয়েছে। চা বাগানগুলোতে স্থায়ী শ্রমিকের সংখ্যা প্রায় ৯০ হাজার। অস্থায়ীভাবে কাজ করছে প্রায় ৩০ হাজার শ্রমিক।
চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে গৃহীত কার্যক্রমে জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নে তথ্য সংগ্রহ ও ডাটা-বেইজ প্রণয়নের লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহ নির্ধারিত ফরম **(পরিশিষ্ট-১)** অনুযায়ী তথ্য সংগ্রহ করবেন এবং সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় নিবন্ধন ও পরিচয়পত্র **(পরিশিষ্ট-২)** প্রদান করবেন। এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট দফতরে একটি নিবন্ধন বহি **(পরিশিষ্ট-৩)** সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা নিয়মিতভাবে চা বাগান কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতি বছর বর্ণিত তালিকা হালনাগাদ করবেন। জরিপ সংক্রান্ত তথ্য উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

৮.০ **খাদ্য সহায়তা পরিমাণ :**

সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত জরিপের মাধ্যমে সনাক্তকৃত চা-শ্রমিককে পর্যায়ক্রমে এ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হবে। বাজেট বরাদ্দ সাপেক্ষে অগ্রাধিকারভিত্তিতে প্রকৃত দুঃস্থ ও গরীব চা-শ্রমিককে নির্বাচন করে প্রতি চা-শ্রমিক পরিবারকে বার্ষিক সর্বমোট ৫,০০০ (পাঁচ হাজার) টাকার খাদ্য ও অন্যান্য সামগ্রী নিম্নোক্ত বিভাজন অনুযায়ী প্রতিটি আইটেম পৃথক পৃথক প্যাকেটজাত অবস্থায় মোট ৩ বারে বিতরণ করা হবে যা নিম্নরূপ :

০১/০৮/২০১৮
মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পণ্য সামগ্রীর তালিকা :

| মাসের নাম | তারিখ | বিবরণ | পরিমাণ | দর | মোট মূল্য (প্রতি কিস্তিতে) | মোট মূল্য (তিন কিস্তিতে) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | ১. চাল | ১৫ কেজি | ৪০/- | ৬০০/- | ১,৮০০/- |
| | | ২. ডাল(মশুর) | ৩ কেজি | ৯০/- | ২৭০/- | ৮১০/- |
| | | ৩. আটা | ৫ কেজি | ৪০/- | ২০০/- | ৬০০/- |
| | | ৪. তেল | ২ লিটার | ১৩৫/- | ২৭০/- | ৮১০/- |
| | | ৫. আলু | ৫ কেজি | ২০/- | ১০০/- | ৩০০/- |
| | | ৬. সাবান | ২ টি | ২০/- | ৪০/- | ১২০/- |
| | | ৭. শাড়ী | ১ টি | ৩৬০/- | - | ৩৬০/- |
| | | ৮. লুঙ্গি | ১ টি | ২০০/- | - | ২০০/- |
| মোট | | | | | ১৪৮০/- | ৫,০০০/- |
| *১ জন চা শ্রমিককে বছরে একবারই (শেষ কিস্তিতে) শাড়ী ও লুঙ্গি প্রদান করা হবে। | | | | | | |

বি:দ্র: বাজার দরের সাথে সঙ্গতি রেখে আইটেমওয়াইজ ইউনিট প্রতি দর বৃদ্ধি/হ্রাসের ক্ষমতা সরকার সংরক্ষণ করবে।

৯.০ কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়া :

৯.১ প্রার্থী নির্বাচনের মানদন্ড :

(ক) **নাগরিকত্ব :** প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) **দুঃস্থ :** সর্বোচ্চ দুঃস্থ ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(গ) লিঙ্গ : নারী শ্রমিককে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(ঘ) **আর্থ-সামাজিক অবস্থা :**

**১. আর্থিক অবস্থার ক্ষেত্রে :** নিঃস্ব, উদ্বাস্তু ও ভূমিহীনকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।

**২.সামাজিক অবস্থার ক্ষেত্রে :** চা-শ্রমিকদের মধ্যে বয়োজ্যেষ্ঠ, বিধবা, তালাকপ্রাপ্তা, বিপত্নীক, নিঃসন্তান, পরিবার থেকে বিচ্ছিন্ন ব্যক্তিদেরকে ক্রমানুসারে অগ্রাধিকার দিতে হবে।

(ঙ) **ভূমির মালিকানা :** প্রযোজ্য ক্ষেত্রে ভূমিহীন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে। এ ক্ষেত্রে বসতবাড়ী ব্যতিত কোন ব্যক্তির জমির পরিমাণ ০.৫০ একর বা তার কম হলে তিনি ভূমিহীন বলে গণ্য হবেন।

৯.২ খাদ্য সহায়তা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী :

১. সংশ্লিষ্ট চা বাগানে কর্মরত চা-শ্রমিক হতে হবে;
২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;
৩. চা বাগান নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র থাকতে হবে;
৪. সর্বনিম্ন ১৮ বছর বয়স হতে হবে;
৫. প্রার্থীর বার্ষিক গড় আয়: অনূর্ধ্ব ৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকা হতে হবে;
৬. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ১০.০ খাদ্য সহায়তা প্রদানের জন্য প্রার্থী বাছাই পদ্ধতি :

### ১০.১ খাদ্য সহায়তা প্রদান সংক্রান্ত কমিটি :

প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে অনুচ্ছেদ ১৪.০ এ বর্ণিত কমিটিসমূহ তাদের কর্মপরিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

### ১০.২. প্রচার ও দরখাস্ত আহবান:

১.০ সমাজসেবা অধিদফতরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ খাদ্য সহায়তা প্রদানের জন্য দরখাস্ত আহবান করে স্থানীয় কমিটি, গণমাধ্যম, স্থানীয় পত্রিকা, পোস্টার, লিফলেট প্রকাশ এবং সরকারি/বেসরকারি কর্তৃপক্ষ এবং চা বাগান কর্তৃপক্ষকে অবহিতকরণসহ স্থানীয়ভাবে সর্বসাধারণের মাঝে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.০ চা-শ্রমিকদের মধ্যে খাদ্য সহায়তা গ্রহণে আগ্রহী আবেদনকারীগণ নির্ধারিত ফরমে **(পরিশিষ্ট-৪)** উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবর আবেদন করবেন।

### ১০.৩. প্রার্থী বাছাই প্রক্রিয়া:

১. সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর সমাজকর্মী চা বাগান কর্তৃপক্ষের সহায়তায় খাদ্য সহায়তা প্রাপ্তির জন্য আবেদনের ভিত্তিতে চা-শ্রমিকদের প্রাথমিক তালিকা (তালিকা-১) প্রস্তুত করে উপজেলা কমিটিতে পেশ করবেন ।

২. উক্ত তালিকা-১ এবং প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা বাস্তবায়ন কমিটির সভায় উপস্থাপন করতে হবে । উপজেলা কমিটি আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে নির্ধারিত কোটা অনুযায়ী প্রাথমিকভাবে নির্বাচিত চা-শ্রমিকদের তালিকা (তালিকা-২) চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ করবেন । জেলা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকা অনযায়ী স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সম্মতিক্রমে উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা খাদ্য সামগ্রী বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন । সংশ্লিষ্ট কর্মকর্তা তার কার্যালয়ে ছবিসহ এ সংক্রান্ত একটি রেজিস্টার **(পরিশিষ্ট-৫)** সংরক্ষণ করবেন । একই সাথে একটি অপেক্ষমাণ তালিকা (তালিকা-৩) প্রণয়ন করতে হবে । সংশ্লিষ্ট দপ্তরে এতদসংক্রান্ত একটি রেজিস্টারে **(পরিশিষ্ট-৬)** সংরক্ষণ করবেন ।

৩. উপজেলা/ইউসিডি'র চা বাগান ভিত্তিক তালিকা প্রণয়ন ও ডাটা-বেইজ তৈরী করার লক্ষ্যে সকল তালিকার একাধিক Hard Copy এবং Soft Copy সংরক্ষণ করতে হবে ।

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১.০.যে সকল কারণে খাদ্য সহায়তা বাতিল করা যাবে:

১. চা-শ্রমিক পেশা ত্যাগ করে অন্যত্র চলে গিয়ে স্থায়ীভাবে বসবাস করলে কিংবা চলে যাওয়ার তারিখ হতে ১(এক) বছরের মধ্যে ঐ পেশায় প্রত্যাবর্তন না করলে খাদ্য সহায়তা প্রদান তালিকা হতে তার নাম বাতিল করা যাবে এবং অপেক্ষমাণ তালিকা হতে তার স্থলে অগ্রাধিকার ক্রমানুসারে নতুন ব্যক্তিকে অন্তর্ভূক্ত করা যাবে। এক্ষেত্রে চা বাগানের ম্যানেজার এবং সমাজসেবা অধিদফতরের আওতাধীন ইউনিয়ন সমাজকর্মী/পৌরসমাজকর্মীর যৌথ সুপারিশের ভিত্তিতে উপজেলা কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির খাদ্য সহায়তা প্রদানের আদেশ বাতিল করতে পারবে।

২. সরকার কর্তৃক অন্য কোনো ভাতা বা নিয়মিত আর্থিক সুবিধা গ্রহণ করলে ;

৩. খাদ্য সহায়তার জন্য তালিকাভুক্তির পর উহা গ্রহণে ইচ্ছুক না হলে;

৪. একই ব্যক্তি একাধিক এলাকায় খাদ্য সহায়তা গ্রহণ করছেন মর্মে প্রমাণিত হলে তার খাদ্য সহায়তা প্রদানের আদেশ বাতিল করা হবে।

১২.০.খাদ্য সহায়তা পরিশোধ পদ্ধতি :

১. প্রশাসনিক মন্ত্রণালয় চা শ্রমিকদের জন্য খাদ্য সহায়তা বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ কিস্তিওয়ারী মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর ন্যস্ত করবে। তিনি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে চা শ্রমিকদের জন্য খাদ্য সহায়তা বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করে সোনালী ব্যাংকে এ কার্যক্রমের কেন্দ্রীয় হিসাবে জমা করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণকে অনুলিপি প্রদান করবেন।

২. সোনালী ব্যাংকের প্রধান কার্যালয় বরাদ্দকৃত অর্থ চা-শ্রমিকদের সুবিধার্থে সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রেরিত ব্যয় বিভাজন অনুযায়ী নির্ধারিত ব্যাংকে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ও উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় এর যৌথ স্বাক্ষরে পরিচালিত ব্যাংক হিসাবে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার উক্ত অর্থ দ্বারা PPA-২০০৬ ও PPR-২০০৮ অনুসরণপূর্বক খাদ্য সামগ্রী ক্রয় করে বিতরণের ব্যবস্থা নেবেন এবং এ সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণ করবেন।

৩. চা-শ্রমিকদের খাদ্য সামগ্রী বিতরণের জন্য **'চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় খাদ্যসামগ্রী গ্রহণ কার্ড'** নামে **(পরিশিষ্ট-৭)** নামে একটি খাদ্যসামগ্রী বিতরণ কার্ড থাকবে। এ কার্ডের সাথে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক খাদ্য সহায়তা প্রাপকের সত্যায়িত ছবি থাকবে। প্রতিটি কার্ডে পৃথক নম্বর সন্নিবিষ্ট থাকবে। প্রার্থী তালিকা চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার দিন হতে সর্বোচ্চ ৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা খাদ্য সহায়তা প্রাপকের নামে এ কার্ড ইস্যু করবেন এবং এ সংক্রান্ত একটি রেজিষ্টার সংরক্ষণ করবেন। খাদ্য সহায়তা প্রাপকগণের মধ্যে কেউ এ কার্ড হারিয়ে বা নষ্ট করে ফেললে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার বিষয়টি যাচাই বাছাই করে ডুপ্লিকেট কার্ড ইস্যুর ব্যবস্থা গ্রহণ করবেন। খাদ্য সামগ্রী বিতরণ সংক্রান্ত তথ্য কার্ডে লিপিবদ্ধ করতে হবে।

৪. নির্বাচিত ব্যক্তিকে বছরের একটি বিশেষ সময়ে অর্থাৎ যখন শ্রমিকদের কোনো কাজ থাকবেনা তখন তিন মাসের জন্য নির্ধারিত হারে তিন বারে এ খাদ্য সহায়তা প্রদান করা হবে।

মোঃ খালেদুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. তালিকাভুক্ত ব্যক্তি মৃত্যুবরণ করলে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটিকর্পোরেশনের মেয়র কর্তৃক খাদ্য সহায়তা গ্রহনকারীর মৃত্যুর ৭(সাত) দিনের মধ্যে মৃত্যু সম্পর্কিত সনদপত্র প্রদান নিশ্চিত করতে হবে এবং সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার উক্ত ব্যক্তির মৃত্যুর সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে নমিনিকে ঐ বছরের জন্য প্রাপ্য খাদ্য সামগ্রী প্রদান করবেন। নমিনি না থাকলে মৃত্যুবরণকারী ব্যক্তি সর্বশেষ যে মাস পর্যন্ত খাদ্য সামগ্রী গ্রহণ করেছেন তার পরের মাস হতে নতুন অন্তর্ভূক্ত ব্যক্তি খাদ্য সহায়তা পাবেন। উল্লেখ্য যে,সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা মৃত্যুবরণকারী তালিকাভুক্ত ব্যক্তির পরিবর্তে সংশ্লিষ্ট ওয়ার্ডের অনুমোদিত অপেক্ষমান তালিকা (সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত) হতে নতুন ব্যক্তিকে নির্বাচনপূর্বক খাদ্য সহায়তা প্রদান নিশ্চিত করবেন এবং বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। তাছাড়া সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার জেলার দায়িত্বে নিয়োজিত উপপরিচালক এর মাধ্যমে বিতরণ ও অবিতরণ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সমাজসেবা অধিদফতরকে অবহিত করবেন।

৬. উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা প্রতি কিস্তির খাদ্য সামগ্রী বিতরণ শেষে এ সংক্রান্ত তথ্যাবলা রেজিষ্টারে (পরিশিষ্ট-৮) সংরক্ষণ করবেন।

৭. সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা খাদ্য সামগ্রী বিতরণ সংক্রান্ত প্রতিবেদন এর এক কপি সংশ্লিষ্ট কমিটির সভাপতি বরাবর ও এক কপি জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন। উপ-পরিচালক জেলাধীন সংশ্লিষ্ট কার্যালয়ের প্রতিবেদনসমূহ সমন্বয় করে সমন্বিত প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ নিশ্চিত করবেন। সমাজসেবা অধিদফতর সমন্বিত প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৮. সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার অর্থ বছর শেষে অর্থাৎ পরবর্তী জুলাই মাসে এ কর্মসূচির সাংবাৎসরিক কর্মকান্ডের প্রতিবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। অর্থবছরান্তে যদি অব্যয়িত অর্থ থাকে সে ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩. পরিবীক্ষণ ও মূল্যায়ন :

১. জাতীয় পর্যায়ে একটি কর্মসূচি সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনার জন্য পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের গুরুত্ব অপরিসীম। 'সামাজিক নিরাপত্তা বলয়' কর্মসূচি সুদৃঢ়করণে চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি'র প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, পরিবর্তন বিবেচনায় নিয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরে পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবে এবং পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণ করবে।

২. জেলা স্টিয়ারিং কমিটি ও উপজেলা কমিটি এ কর্মসূচির সার্বিক বিষয়াদি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান করবেন এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। তাছাড়া বর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি ও মন্ত্রিসভা কমিটিও প্রতি বছর বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়নপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

৩. সরকারি/বেসরকারি পর্যায়ে গবেষণামূলক প্রতিষ্ঠানকে এ সকল কার্যক্রম এর সার্বিক মূল্যায়নের দায়িত্ব প্রদান করা যাবে।

০৬/০৫/২০১৮

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪.০. চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের জন্য গঠিত কমিটি:

১৪.১. উপজেলা কমিটি:

১৪.১.১ কমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| (২) | উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| (৩) | সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি | : | সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | : | সদস্য |
| (৫) | স্থানীয় কলেজের অধ্যক্ষ | : | সদস্য |
| (৬) | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| (৭) | চা বাগান পঞ্চায়েতের প্রতিনিধি | : | সদস্য |
| (৮) | চা বাগানের ম্যানেজার | : | সদস্য |
| (৯) | উপজেলা সমাজসেবা অফিসার | : | সদস্য সচিব |

১৪.১.২ কমিটির কর্মপরিধি :

(১) প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ;

(২) জেলা কমিটি কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ী খাদ্য সামগ্রী বিতরণ নিশ্চিতকরণ;

(৪) যাবতীয় অভিযোগ নিস্পত্তিকরণ;

(৫) আপীলের প্রশ্ন দেখা দিলে জেলা স্টিয়ারিং কমিটিতে প্রেরণ;

(৬) উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;

(৭) কমিটি ২ মাস অন্তর সভায় মিলিত হবে।

১৪.২. জেলা কমিটিঃ

১৪.২.১ **কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | - সভাপতি |
| ২. | জেলার সংশ্লিষ্ট মাননীয় স্থানীয় সংসদ সদস্যের ১ জন করে প্রতিনিধি | - সদস্য |
| ৩. | মেয়রের প্রতিনিধি(সিটিকর্পোরেশন)/মেয়র (সিটিকর্পোরেশন বহির্ভুত জেলা পর্যায়ের পৌরসভা) | - সদস্য |
| ৪. | জেলার সংশ্লিস্ট উপজেলা চেয়ারম্যান | - সদস্য |
| ৫. | সিভিল সার্জন | - সদস্য |
| ৬. | পুলিশ সুপার | - সদস্য |
| ৭. | জেলা খাদ্য অফিসার | - সদস্য |
| ৮. | জেলা সমাজকল্যাণ পরিষদের সহসভাপতি (জাতীয় সমাজকল্যাণ পরিষদের সদস্য) | - সদস্য |
| ৯. | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের প্রতিনিধি/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ১০. | মহাব্যবস্থপক/সহকারী মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট ব্যাংক | - সদস্য |
| ১১. | চা উন্নয়ন বোর্ডের ১ জন প্রতিনিধি (যদি থাকে) | - সদস্য |
| ১২. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | - সদস্য সচিব |

১৪.২.২ কমিটির কর্মপরিধি:

১. উপজেলা কমিটি হতে প্রাপ্ত চা-শ্রমিকদের তালিকা ও আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক তালিকা চূড়ান্ত অনুমোদন;

২. আপীল/অভিযোগ নিস্পত্তিকরণ;

৩. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;

৪. কমিটি বছরে অন্তত: ৩ বার মিলিত হবে।

০৫/০৭/২০১৪

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪.৩ জাতীয় স্টিয়ারিং কমিটি :

১৪.৩.১ কমিটির রূপরেখা :

| | | |
|---|---|---|
| ১. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | -সভাপতি |
| ২. | অর্থ মন্ত্রণালয়ের এর প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | -সদস্য |
| ৩. | স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | -সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট যুগ্ম সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| ৫. | খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নীচে নয়) | -সদস্য |
| ৬. | প্রধান মন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালকের নীচে নয়) | -সদস্য |
| ৭. | মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ | -সদস্য |
| ৮. | সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন মহিলা প্রতিনিধি | -সদস্য |
| ৯. | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর | -সদস্য সচিব |

১৪.৩.২ কমিটির কর্মপরিধি :

১. চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি এর নীতি নির্ধারণ, বাজেট প্রণয়ন ও অগ্রগতি তদারকিকরণ;
২. উচ্চ পর্যায়ের সমন্বয় ও সুপারিশমালা প্রণয়ন;
৩. পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
৪. কর্মসূচি বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা নিরসনে পরামর্শ ও নির্দেশনা প্রদান;
৫. বছরে অন্ততঃ ২ বার সভা আহ্বান।

১৪.৪ সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচি সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি অন্তর্ভুক্তকরণ, পূর্ববর্তী বৎসরের সার্বিক মূল্যায়ন, পরবর্তী বৎসরের বাজেট **ও উপকারভোগীর সংখ্যা** নির্ধারণ করতে হবে।

১৫. **নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা :** সরকার নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করবে।

04/02/2018
মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
চা-শ্রমিক কর্মসূচির তথ্য সংগ্রহ ফরম

চা বাগানের নাম :
ওয়ার্ড নং :
ইউনিয়নের নাম :
উপজেলার নাম :
জেলার নাম :

| ক্র নং | চা শ্রমিকের নাম | মাতার নাম | পিতা/ স্বামীর নাম | গ্রাম/ মহল্লার নাম | জন্ম তারিখ | বয়স | লিঙ্গ | ধর্ম | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | পরিবারের সদস্য সংখ্যা | পরিবারের বার্ষিক আয় | ভূমির পরিমান | সরকার কর্তৃক প্রদত্ত নিয়মিত অন্য কোন আর্থিক সুবিধা পান কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

ইউনিয়ন/পৌর সমাজকর্মী/টি আই এর স্বাক্ষর ........................

ফিল্ড সুপারভাইজার স্বাক্ষর ........................

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর ........................

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চা-শ্রমিক জনগোষ্ঠীর তালিকাভুক্ত ব্যক্তির পরিচয়পত্রের নমুনা

| | |
|---|---|
| | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>সমাজসেবা অধিদফতর, সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>চা-শ্রমিকের পরিচয়পত্র |
| স্ট্যাম্প সাইজের ছবি | নাম :<br>মাতা :<br>পিতা :<br>জন্ম তারিখ :<br>আইডি নম্বর :<br>ঠিকানা :<br>মোবাইল নং : |
| এই পরিচয়পত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। সত্ত্বাধিকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিস/থানায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। | |

| | |
|---|---|
| | Government of the People's Republic of Bangladesh<br>Department of Social Services, Ministry of Social Welfare<br>ID card for the Tea Labour |
| স্ট্যাম্প সাইজের ছবি | Name :<br>Mother's Name :<br>Father's Name :<br>Date of Birth :<br>ID number :<br>Cell Number :<br>Address :<br><br>চা শ্রমিকের স্বাক্ষর/টিপসই Issuing Authority<br>Date:....... |

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চা-শ্রমিক জনগোষ্ঠীর নিবন্ধন বহির নমুনা

উপজেলার নাম ঃ
জেলার নামঃ

| ক্রঃ নং | নাম | পিতা/স্বামীর নাম | মাতার নাম | জন্ম তারিখ | ঠিকানা | লিঙ্গ | ধর্ম | জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর | চা বাগানের নাম | সমাজসেবা অধিদফতরের নিবন্ধন নং | নিবন্ধনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | |

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর
(সিলমোহর)

উপপরিচালক এর স্বাক্ষর
(সিলমোহর)

১৩

০৫/০২/২০১৮
মোঃ মুশফিকুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

খাদ্য সাহায্য মঞ্জুরীর আবেদন পত্রের ছক:

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

১ম অংশ

বরাবর,
উপজেলা/সমাজসেবা অফিসার
...............................

বিষয়: 'চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন' শীর্ষক কর্মসূচির আওতায় খাদ্যসামগ্রী প্রাপ্তির আবেদন।

বিনীত নিবেদন এই যে, আমি..........................................চা-বাগানের একজন শ্রমিক। আমি অত্যন্ত দরিদ্র এবং চা-বাগানের প্রাপ্ত মজুরীতে স্বচ্ছলভাবে জীবন-যাপন করতে পারিনা। এমতাবস্থায়, 'চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন' শীর্ষক কর্মসূচির আওতায় খাদ্যসামগ্রী সাহায্য প্রদানের জন্য আবেদন করছি। নিম্নে আমার তথ্যাদি আপনার সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করছি।

নাম :  ধর্ম :

মাতার নাম :  লিঙ্গ :

পিতা/স্বামীর নাম :  বয়স :

জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর :  বার্ষিক আয় :

ঠিকানা : বর্তমান.......................................... স্থায়ী..........................................
.......................................... ..........................................

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর
নাম.....................
টিপসই..................

২য় অংশ

মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ

..........................................কে নিম্নবর্ণিত খাদ্যসামগ্রী মঞ্জুর করা হলো:

| বিবরণ | | পরিমাণ |
|---|---|---|
| | ১। | |
| | ২। | |
| | ৩। | |
| | ৪। | |
| | ৫। | |
| | ৬। | |
| | ৭। | |

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিশিষ্ট-৫

## খাদ্য সহায়তা প্রাপ্ত চা-শ্রমিক জনগোষ্ঠীর তালিকা সম্বলিত রেজিষ্টার

উপজেলার নাম ঃ

জেলার নামঃ

| ক্রঃ নং | খাদ্যসামগ্রী প্রাপকের নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | বয়স | লিঙ্গ | ধর্ম | ঠিকানা | চা বাগানের নাম | তালিকাভুক্তির তারিখ | সমাজসেবা অধিদফতরের নিবন্ধন নং | নিবন্ধনের তারিখ | বাস্তবায়ন কমিটির সভার নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | |

বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

১৫

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিশিষ্ট-৬

খাদ্য সহায়তা প্রাপ্ত চা-শ্রমিক জনগোষ্ঠীর অপেক্ষমাণ তালিকা সম্বলিত রেজিষ্টারঃ

উপজেলার নাম ঃ
জেলার নামঃ

| ক্রঃ নং | খাদ্যসামগ্রী প্রাপকের নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | বয়স | লিঙ্গ | ধর্ম | ঠিকানা | চা বাগানের নাম | তালিকাভুক্তির তারিখ | সমাজসেবা অধিদফতরের নিবন্ধন নং | নিবন্ধনের তারিখ | বাস্তবায়ন কমিটির সভার নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | |

বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর ও তারিখ
(সীল মোহর)

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়
সমাজসেবা অধিদফতর
......................., ..................... ।

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

## চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় খাদ্যসামগ্রী গ্রহণ কার্ড:

### (ক) চা শ্রমিকের সাধারণ তথ্য:

চা বাগানের নাম :

ইউনিয়ন/পৌরসভার নাম : ওয়ার্ড নং :

উপজেলা/থানার নাম : জেলার নাম :

চা শ্রমিকের নাম : কার্ড নম্বর :

মাতার নাম : বয়স :

পিতা/স্বামীর নাম : ধর্ম :

জাতীয় পরিচিতি/ জন্ম নিবন্ধন নম্বর : লিঙ্গ :

ঠিকানা : বর্তমান .................................... স্থায়ী..........................................
.................................... ..........................................

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর ও সীল সনাক্তকারীর স্বাক্ষর ও সীল (চা বাগান কর্তৃপক্ষ) আবেদনকারীর স্বাক্ষর/টিপসই

### (খ) খাদ্যসামগ্রী বিতরণ সংক্রান্ত তথ্য:

| মাসের নাম | খাদ্যসামগ্রী সংক্রান্ত তথ্য | | | | খাদ্য সামগ্রী গ্রহীতার স্বাক্ষর/টিপসই | বিতরণকারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| | বিবরণ | পরিমাণ | বিবরণ | পরিমাণ | | |
| | ১। | | ৫। | | | |
| | ২। | | ৬। | | | |
| | ৩। | | ৭। | | | |
| | ৪। | | | | | |
| | ১। | | ৫। | | | |
| | ২। | | ৬। | | | |
| | ৩। | | ৭। | | | |
| | ৪। | | | | | |
| | ১। | | ৫। | | | |
| | ২। | | ৬। | | | |
| | ৩। | | ৭। | | | |
| | ৪। | | | | | |

মোঃ মুখলেছুর রহমান খান
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

খাদ্যসামগ্রী বিতরণ সংক্রান্ত রেজিষ্টারের নমুনা: অর্থ বছর:

চা বাগানের নাম :
ওয়ার্ড নং :
ইউনিয়ন/পৌরসভার নাম :
উপজেলা/থানার নাম :
জেলার নাম :

| ক্রমিক নং | উপকারভোগীর নাম | মাতার নাম | পিতা/স্বামীর নাম | গ্রামের নাম | চা বাগানের নাম | অনুমোদিত তালিকায় ক্রমিক নম্বর/বহি নম্বর | মাসের নাম | ৩ মাসর খাদ্য সহায়তা প্রদানের বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১. | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | |
| ১০. | | | | | | | | | | | |

বিতরণকারীর স্বাক্ষর
(সিলমোহর)

সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষর
(সিলমোহর)

সভাপতির স্বাক্ষর
(সিলমোহর)

১৮
সহকারী সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।